# নারীর রাজনৈতিক অধিকার বিষয়ক চুক্তি

জাতিসংঘ তথ্য কেন্দ্র
ঢাকা, বাংলাদেশ

# নারীর রাজনৈতিক
# অধিকার
# বিষয়ক চুক্তি

# নারীর রাজনৈতিক অধিকার বিষয়ক চুক্তি

জাতিসংঘ তথ্য কেন্দ্র
ঢাকা, বাংলাদেশ

Bengali Version of
**Convention on the Political Rights of Women**

Published by
**United Nations Information Centre (UNIC)**
IDB Bhaban, Sher-e-Banglanagar
Dhaka, Bangladesh

Executive Editor
**Kazi Ali Reza**

Editorial Advice
**Prof. Nurul Momen**

Current edition edited by
**Md. Moniruzzaman,** PhD

Published in November 2005
Revised Edition: December 2021
UNIC/pub/2021/05/1000

---

**নারীর রাজনৈতিক অধিকার বিষয়ক চুক্তি**

প্রকাশক
**জাতিসংঘ তথ্য কেন্দ্র**
আইডিবি ভবন, শের-ই-বাংলানগর
ঢাকা, বাংলাদেশ।

সম্পাদনা
**কাজী আলী রেজা**

সম্পাদনা উপদেষ্টা
**প্রফেসর নুরুল মোমেন**

চলতি সংস্করণ সম্পাদনা
**মো. মনিরুজ্জামান,** পিএইচডি

প্রকাশকাল : নভেম্বর ২০০৫
সংশোধিত সংস্করণ : ডিসেম্বর ২০২১
ইউনিক/প্রকাশ/২০২১/০৫/১০০০

Printed by
**Shahitya Prakash**

# নারীর রাজনৈতিক অধিকার বিষয়ক আন্তর্জাতিক কনভেনশন-১৯৫২

১৯৫২ সালের ২০ শে ডিসেম্বর জাতিসংঘের সাধারণ পরিষদে গৃহীত সিদ্ধান্ত

৬৪০ (৭) মোতাবেক স্বাক্ষরদান ও অনুসমর্থনের জন্য উন্মুক্ত

কনভেনশনের ধারা ৬ অনুসারে কার্যকর হওয়ার তারিখ : ৭ই জুলাই ১৯৫৪

**কনভেনশনের পক্ষসমূহ,**
এ রকম ইচ্ছা পোষণ করে যে জাতিসংঘ সনদে উল্লিখিত নারী ও পুরুষের সমতার নীতিমালা বাস্তবায়ন করবে,

এরূপ স্বীকার করে যে, স্বাধীনভাবে নির্বাচিত প্রতিনিধিদের মাধ্যমে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে প্রত্যেকেরই তার দেশের সরকারী কর্মকাণ্ডে অংশগ্রহণ ও সরকারি চাকরিতে সমান সুযোগ লাভের অধিকার রয়েছে,

এবং এ রকম আগ্রহী হয়ে যে, জাতিসংঘ সনদ ও সর্বজনীন মানবাধিকার ঘোষণা অনুযায়ী রাজনৈতিক অধিকার ভোগ ও প্রয়োগের ক্ষেত্রে নারী ও পুরুষের অবস্থানের সমতা বিধান করবে,

পূর্বের পৃষ্ঠায় উল্লিখিত উদ্দেশ্যগুলোর আলোকে একটি কনভেনশন সম্পাদনের সিদ্ধান্ত গ্রহণ করে। কনভেনশনের সিদ্ধান্তগুলোর বর্ণনা দেওয়া হলো যা রাষ্ট্রপক্ষসমূহ সম্মত হয়েছে :

**ধারা : ১**

কোন ধরনের বৈষম্য ছাড়া পুরুষের সাথে সমভাবে নারীদের সকল নির্বাচনে ভোট দেওয়ার অধিকার থাকবে।

**ধারা : ২**

কোন ধরনের বৈষম্য ছাড়া নারীরা পুরুষের সাথে সমভাবে জাতীয় আইনের বলে প্রতিষ্ঠিত জনপ্রতিনিধিত্বমূলক সংস্থাসমূহের যোগ্য বলে বিবেচিত হবে।

**ধারা : ৩**

কোন রকম বৈষম্য ছাড়া পুরুষদের সাথে সমভাবে জাতীয় আইনের বলে প্রতিষ্ঠিত সরকারি পদে অধিষ্ঠিত হওয়া এবং সকল সরকারি কর্মাদি সম্পাদনের জন্য নারীদের অধিকার থাকবে।

**ধারা : ৪**

৪.১ এই কনভেনশন জাতিসংঘের যে কোনো সদস্য রাষ্ট্র এবং সাধারণ পরিষদের দ্বারা আমন্ত্রণপ্রাপ্ত যে কোনো রাষ্ট্রের পক্ষ থেকে স্বাক্ষরদানের জন্য উন্মুক্ত থাকবে।

৪.২ এই কনভেনশন অনুসমর্থিত হতে হবে এবং অনুসমর্থনের দলিলাদি জাতিসংঘের মহাসচিবের নিকট গচ্ছিত থাকবে।

**ধারা : ৫**

৫.১ এই কনভেনশনের ধারা ৪.১-এ উল্লিখিত সকল রাষ্ট্রের যোগদানের জন্য উন্মুক্ত থাকবে।

৫.২ জাতিসংঘের মহাসচিবের নিকট যোগদানের দলিল জমা দেওয়ার দ্বারা কনভেনশনে যোগদান কার্যকর হবে।

**ধারা : ৬**

৬.১ অনুসমর্থন বা কনভেনশনে যোগদানের ষষ্ঠ দলিল জমাদানের পর ৯০তম দিনে তা কার্যকর হবে।

৬.২ অনুসমর্থন বা যোগদানের ষষ্ঠ দলিল জমাদানের পর এই কনভেনশনে অনুসমর্থন বা যোগদানকারী প্রতিটি রাষ্ট্র দলিল পেশ করার পর ৯০তম দিনে কনভেনশনটি কার্যকর হবে।

**ধারা : ৭**

স্বাক্ষরদান, অনুসমর্থন বা যোগদানের সময় এই কনভেনশনে কোনো ধারার ব্যাপারে কোনো রাষ্ট্র আপত্তি পেশ করলে জাতিসংঘের মহাসচিব সেই আপত্তির বিষয়বস্তু কনভেনশনের পক্ষ বা পক্ষ হতে পারে এমন রাষ্ট্রসমূহকে অবহিত করবেন। এই আপত্তি কোন রাষ্ট্র গ্রহণ না করলে অবহিত হওয়ার তারিখ থেকে ৯০ দিনের মধ্যে (বা এর এই কনভেনশনে একটি পক্ষ হওয়ার তারিখে) জাতিসংঘের মহাসচিবকে জানাতে পারে যে আপত্তিটি গ্রহণযোগ্য নয়। সেক্ষেত্রে এরূপ রাষ্ট্র এবং আপত্তি উত্থাপনকারী রাষ্ট্রের মধ্যে কনভেনশন কার্যকর হবে না।

**ধারা : ৮**

৮.১ যে কোনো রাষ্ট্র জাতিসংঘের মহাসচিবের নিকট এই কনভেনশন বাতিল করার জন্য লিখিত বিজ্ঞপ্তি পেশ করতে পারে। মহাসচিব কর্তৃক বিজ্ঞপ্তি গৃহীত হওয়ার এক বছর পর থেকে তা কার্যকর হবে।

৮.২ এই কনভেনশন বাতিল করার জন্য বিজ্ঞপ্তি পেশের পর যে তারিখে এর পক্ষে সদস্য সংখ্যা ছয়-এর নিচে নেমে আসবে সেই তারিখ থেকে এর কার্যকারিতা বিলুপ্ত হবে।

**ধারা : ৯**

এই কনভেনশনের দুই বা ততোধিক রাষ্ট্রপক্ষের মধ্যে এর ব্যাখ্যা বা প্রয়োগ সংক্রান্ত কোন বিবাদ দেখা দিলে এবং তা আলোচনার মাধ্যমে নিষ্পত্তি না হলে বা অন্য কোনভাবে নিষ্পত্তি করতে সংশ্লিষ্ট সকলে সম্মত না হলে বিষয়টি যে কোন একটি বিবদমান পক্ষের অনুরোধে সিদ্ধান্তের জন্য আন্তর্জাতিক বিচার আদালতে পাঠাতে হবে।

**ধারা : ১০**

জাতিসংঘের মহাসচিব এই কনভেনশনের ধারা ৪.১-এর প্রত্যাশা অনুযায়ী নিম্নলিখিত বিষয়গুলো সকল সদস্য রাষ্ট্র এবং সদস্য নয় এমন রাষ্ট্রকেও অবহিত করবেন :

ক. ধারা ৪ অনুযায়ী গৃহীত স্বাক্ষরদান এবং অনুসমর্থনের দলিল;

খ. ধারা ৫ অনুযায়ী যোগদানের গৃহীত দলিল;

গ. ধারা ৬ অনুযায়ী এই কনভেনশন কার্যকর হওয়ার তারিখ;

ঘ. ধারা ৭ অনুযায়ী গৃহীত চিঠিপত্র এবং বিজ্ঞপ্তিসমূহ;

ঙ. ধারা ৮.১ অনুযায়ী এই কনভেনশন বাতিলের বিজ্ঞপ্তি;

চ. ধারা ৮.২ অনুসারে এই কনভেনশন বাতিলের ঘোষণা।

**ধারা : ১১**

**১১.১** বর্তমান কনভেনশনের চীনা, ইংরেজি, ফরাসি, রুশ এবং স্পেনীয় ভাষার পাঠ সমভাবে প্রমাণসিদ্ধ এবং তা জাতিসংঘের আর্কাইভে গচ্ছিত রাখতে হবে।

**১১.২** জাতিসংঘের মহাসচিব বর্তমান কনভেনশনের সত্যায়িত প্রতিলিপি ধারা ৪.১-এর প্রত্যাশা অনুযায়ী সকল সদস্য রাষ্ট্র এবং সদস্য নয় এমন রাষ্ট্রের নিকট প্রেরণ করবেন।

জাতিসংঘ তথ্য কেন্দ্র
ঢাকা, বাংলাদেশ